"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

জাতীয় সম্পদ গ্যাসের
অপচয় রোধ করে

জাতীয় দায়িত্ব পালন
করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন
(পেট্রোবাংলা)
অনুসন্ধান বিভাগ

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরে অনুষ্ঠেয় ৪র্থ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ফারহানা শাওন<br>মহাব্যবস্থাপক (অনুসন্ধান) |
| সভার তারিখ | ২৯-০৫-২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন ভিডিও কনফারেন্স প্লাটফর্ম (Zoom Apps) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্ক্রীনশর্ট) |

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক মহাব্যবস্থাপক (ইডি) মহোদয়ের অনুপস্থিতিতে তাঁর অনুমতিক্রমে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের দপ্তর এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩-এ পেট্রোবাংলা এবং এর আওতাধীন ১৩টি কোম্পানিকে নিম্নোক্ত ৬টি কার্যক্রম সম্পাদনের উল্লেখ রয়েছে:

(১) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন।

(২) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

(৩) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন।

(৪) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ)।

(৫) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন

(৬) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

উপর্যুক্ত ৬টি কার্যক্রমের মধ্যে ক্রমিক (১)-(৪) এ বর্ণিত কার্যক্রম ত্রৈমাসিক ভিত্তিতে সম্পাদন করতে হয় এবং ক্রমিক (৫)-(৬) এ বর্ণিত কার্যক্রম সংশ্লিষ্ট অর্থবছরের যে কোন সময়ে সম্পাদনের সুযোগ রয়েছে। সে মোতাবেক বর্ণিত ৬টি কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্ন করার জন্য সভায় উপস্থিত ১৩টি কোম্পানির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তাগিদ দেয়া হয়।

৩। সভাকে আরো অবহিত করা হয় যে, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩০/০৯/২০২০ তারিখের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.১০৭ এ প্রদত্ত নির্দেশনা নিম্নরূপ (কপি সংযুক্ত):

"...পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক/সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। ..."

কিন্তু পেট্রোবাংলার আওতাধীন অধিকাংশ কোম্পানির ওয়েবসাইটে প্রদর্শিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি লক্ষ্য করলে দেখা যায় যে, বেশিরভাগ কোম্পানি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং কমিটির সদস্য-সচিব-কে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নির্ধারণ করে নাই। তাই মন্ত্রিপরিষদ বিভাগের বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক সংস্থার আওতাধীন কোম্পানিসমূহের পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক/সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয়।

৪। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী অর্থবছর শেষে ১৫ জুলাই তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা প্রণয়নকারী অফিস পূর্ববর্তী অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে (প্রতিটি সূচকের নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর, সর্বমোট ২৫ নম্বরের মধ্যে), অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করবে এবং প্রমাণকসহ মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ করবে। উক্ত নির্দেশনা মোতাবেক সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে গৃহীত কার্যক্রম (প্রমাণকসহ) একত্র করে স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক আগামী ১৫/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করবে। পাশাপাশি উক্ত স্বমূল্যায়ন প্রতিবেদনের একটি হার্ড কপি পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট মহাব্যবস্থাপক (ইডি) মহোদয়ের নিকট ১৫/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য সভায় অনুরোধ করা হয়।

৫। এ পর্যায়ে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির একজন সদস্য জানতে চান যে, ইতোপূর্বে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সেবা প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট আবেদন ফরম সহজে প্রাপ্তির ক্ষেত্রে কোম্পানিসমূহের স্ব স্ব সিটিজেন্স চার্টারে উল্লিখিত প্রয়োজনীয় ফর্ম/আবেদন ফর্ম/প্রস্তাব লিংক আকারে সংযুক্তকরণ করা হয়েছে কি-না? তৎপ্রেক্ষিতে, কোম্পানিসমূহের ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, সিটিজেন্স চার্টারে বর্ণিত প্রয়োজনীয় ফর্ম/আবেদন ফর্ম/প্রস্তাব লিংক আকারে সংযুক্তকরণের বিষয়টি প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে।

৬। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের ৩০/০৯/২০২০ খ্রি. তারিখের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৮১১.৫৫.০০৩.১৮.১০৭ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক (কপি সংযুক্ত) পেট্রোবাংলার আওতাধীন ১৩টি কোম্পানির পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক/সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ স্ব স্ব কোম্পানির ওয়েবসাইটে তথ্য আপলোড করতে হবে।

(খ) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ মোতাবেক সংস্থার আওতাধীন ১৩টি কোম্পানি সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা অনুযায়ী ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে গৃহীত কার্যক্রম (প্রমাণকসহ) একত্র করে স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতপূর্বক আগামী

১৫/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করবে। পাশাপাশি উক্ত স্বমূল্যায়ন প্রতিবেদনের একটি হার্ড কপি পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট মহাব্যবস্থাপক (ইডি)-এর নিকট ১৫/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করবে।

৭। পরিশেষে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

F. Shaon

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.২০১

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০
০৬ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
২) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
৭) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
৮) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
৯) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১০) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১১) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
১২) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৩) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৪) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
১৫) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
১৬) ব্যবস্থাপক, এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
১৭) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)

F. Shaon

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)